গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
বাগেরহাট।

মুজিববর্ষ উদযাপন উপলক্ষ্যে প্রাথমিক শিক্ষার গুনগত মানোন্নয়নে ইনোভেশন উদ্যোগ বাস্তবায়ন ও মুজিববর্ষ কর্মপরিকল্পনা প্রণয়ন সম্পর্কিত সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ মোঃ মামুনুর রশীদ, জেলা প্রশাসক, বাগেরহাট।
স্থান ঃ জেলা প্রশাসক বাগেরহাট এর সম্মেলন কক্ষ।
তারিখ ঃ ২৮/০১/২০২০ খ্রিঃ
সময় ঃ বিকাল - ৪.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা "পরিশিষ্ট-ক"

সভাপতি কর্তৃক সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতি মুজিব বর্ষ উদযাপন উপলক্ষ্যে প্রাথমিক শিক্ষার গুণগত মানোন্নয়নে ইনোভেশন উদ্যোগসমূহ বাস্তবায়ন ও মুজিববর্ষ কর্মপরিকল্পনা প্রণয়ন সম্পর্কে আলোচনা, পরামর্শ, পর্যবেক্ষণ প্রদানের জন্য সকলকে অনুরোধ করেন। উপস্থিত সকলই প্রস্তাবিত কর্মপরিকল্পনার খসড়া ও গৃহীত ইনোভেশন উদ্যোগ সমূহ বাস্তবায়নে মতামত/সুপারিশ ব্যক্ত করেন। বিস্তারিত আলোচনা শেষে আসন্ন মুজিববর্ষ কর্মপরিকল্পনা ও প্রাথমিক শিক্ষার মানোন্নয়নে গৃহীত উদ্যোগসমূহ বাস্তবায়নে নিম্নরূপ কর্মসূচী/কর্মপরিকল্পনা চূড়ান্ত করা হয়।

মুজিব বর্ষের চূড়ান্ত কর্ম পরিকল্পনা

| ক্রঃ নঃ | আলোচ্য বিষয় | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী | সুপারভিশন ও মনিটরিং কার্যক্রম | ফ্যাসিলিটেটর |
|---|---|---|---|---|---|
| ১ | বঙ্গবন্ধুর জন্মদিন পালন | বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতভাবে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:<br>আগামী ১৭ মার্চ, ২০২০ খ্রিঃ তারিখে একযোগে বাগেরহাট জেলার ১১৬২ টি বিদ্যালয়ে কুরআন খতম, মিলাদ মাহফিল আয়োজনসহ উৎসবমূখর পরিবেশে কেক কেটে বঙ্গবন্ধুর জন্মদিন পালন করা হবে। | শিক্ষক ও শিক্ষার্থী<br><br>ফোকাল পারসন ঃ প্রধান শিক্ষক | ▪ চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>▪ ইউএনও<br>▪ ভাইস চেয়ারম্যানদ্বয়, উপজেলা পরিষদ<br>▪ ইউইও<br>▪ চেয়ারম্যান, ইউপি<br>▪ এইউইও | ▪ এস,এম,সি<br>▪ পিটিএ<br>অভিভাবক |
| ২ | বঙ্গবন্ধু ও বাংলাদেশকে জানি | গতকালের স্টুডেন্টস অফ দি ডে পরদিন সমাবেশে বঙ্গবন্ধুর আদর্শে, দেশপ্রেম এর উপর ২ মিনিট আলোচনা করবে। | শিক্ষক ও শিক্ষার্থী<br><br>ফোকাল পারসন ঃ প্রধান শিক্ষক | ▪ চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>▪ ইউএনও<br>▪ ভাইস চেয়ারম্যানদ্বয়, উপজেলা পরিষদ<br>▪ ইউইও<br>▪ চেয়ারম্যান, ইউপি<br>▪ এইউইও | ▪ এস,এম,সি<br>▪ পিটিএ |
| ৩ | বঙ্গবন্ধু কর্নার | ১৭ মার্চ, ২০২০ খ্রিঃ তারিখে একযোগে বাগেরহাট জেলার ১১৬২টি বিদ্যালয়ে বঙ্গবন্ধু কর্নার উদ্বোধন করা। | শিক্ষক ও শিক্ষার্থী<br><br>ফোকাল পারসন ঃ প্রধান শিক্ষক | ▪ চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>▪ ইউএনও<br>▪ ভাইস চেয়ারম্যানদ্বয়, উপজেলা পরিষদ<br>▪ ইউইও<br>▪ চেয়ারম্যান, ইউপি<br>▪ এইউইও | ▪ এস,এম,সি<br>▪ পিটিএ |

| ক্রঃ নঃ | আলোচ্য বিষয় | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী | সুপারভিশন ও মনিটরিং কার্যক্রম | ফ্যাসিলিটেটর |
|---|---|---|---|---|---|
| ৪ | শিশু বরণ | ১ মার্চ, ২০২০ খ্রিঃ তারিখে একযোগে বাগেরহাট জেলার ১১৬২টি বিদ্যালয়ে শিশু বরণ করা | শিক্ষক ও শিক্ষার্থী<br><br>ফোকাল পারসন ঃ প্রধান শিক্ষক | ▪ চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>▪ ইউএনও<br>▪ ভাইস চেয়ারম্যানদ্বয়, উপজেলা পরিষদ<br>▪ ইউইও<br>▪ চেয়ারম্যান, ইউপি<br>▪ এইউইও | ▪ এস,এম,সি<br>▪ পিটিএ<br>▪ অভিভাবক |
| ৫ | স্ব-অনুচিন্তন পদ্ধতিতে অর্জিত শিখন ফলের পরিমাপ | ১. শিক্ষকগন নেপ কর্তৃক নির্ধারিত অর্জিতব্য শিখন ফলের আলোকে শিখন শিখানো কার্যক্রমের মাধ্যমে অর্জিত শিখন ফলের পরিমাপ শিক্ষকগন নিজেরাই করবেন।<br>গ্রেড-১০০%, ৮০%, ৫০% | সংশ্লিষ্ট বিষয়ের শিক্ষক (তাঁর পাঠদান বিষয়ে ব্যক্তিগত ভাবে)<br>ফোকাল পারসন ঃ প্রধান শিক্ষক | ইউইও<br>এইউইও | ডিপিইও<br>এডিপিইও<br>সুপার, পিটিআই |
| ৬ | স্যুভেনিয়র প্রকাশ | ১. বিদ্যালয় পর্যায় থেকে উপজেলা, পিটিআই ও জেলা পর্যায় শিক্ষক- শিক্ষার্থী, কর্মকর্তা/কর্মচারীগনের সৃজনশীল লেখা ও কর্মকান্ড নিয়ে স্যুভেনিয়র প্রকাশ করা। | শিক্ষক,কর্মকর্তা/ কর্মচারীবৃন্দ | জেলা প্রশাসক<br>অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)<br>অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)<br>ইউএনও<br>ইউইও<br>এইউইও | চেয়ারম্যান জেলা পরিষদ<br>চেয়ারম্যান উপজেলা পরিষদ<br>ডিপিইও<br>সুপার, পিটিআই |
| ৭ | পরিষ্কার-পরিচ্ছন্নতা সংক্রান্ত | ১. বিদ্যালয় ও শ্রেণিভিত্তিক ১০ সদস্য বিশিষ্ট দল গঠন করতে হবে।<br>২. উক্ত দল প্রতি সপ্তাহের শেষ বৃহস্পতিবার শ্রেণিকক্ষ, অফিস কক্ষ, বিদ্যালয় আঙ্গিনা, টয়লেট, পরিবেশ, সকল শিক্ষার্থীর পোশাক-পরিচ্ছদ পরিষ্কার রাখার ব্যবস্থা নিবে।<br>৩. হাত ও পায়ের নখ কাটা, চুল ছোট রাখা, উঠোন বৈঠকে গিয়ে এবং মা সমাবেশে পরিষ্কার-পরিচ্ছন্নতা ও স্বাস্থ্য বিষয়ে অভিভাবকগণকে সচেতন করবে।<br>৪. শ্রেণিকক্ষে একটি করে ময়লার ঝুড়ি এবং বিদ্যালয়ের আঙ্গিনায় একটি করে ডাস্টবিন স্থাপন নিশ্চিত করা। | শিক্ষক ও শিক্ষার্থী<br><br>ফোকাল পারসন ঃ প্রধান শিক্ষক | ▪ চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>▪ ইউএনও<br>▪ ভাইস চেয়ারম্যানদ্বয়, উপজেলা পরিষদ<br>▪ ইউইও<br>▪ চেয়ারম্যান, ইউপি<br>▪ এইউইও | ▪ এস,এম,সি<br>▪ পিটিএ<br>অভিভাবক |
| ৮ | শিশুর শারীরিক ও মানসিক পরিপূর্ন বিকাশে - নিয়মিত খেলাধূলা ও শরীরচর্চা সংক্রান্ত | ১. ১ম ও ২য় শ্রেণির শিক্ষার্থীদের নিয়ে ক-গ্রুপ এবং ৩য়- ৫ম শ্রেণির শিক্ষার্থীদের নিয়ে খ-গ্রুপ গঠন করতে হবে।<br>২. নিয়মিত শরীরচর্চা সহ ইনডোর গেমস (কেরাম, দাবা, লুডু, দড়ি লাফ অন্যান্য), আউট ডোর গেমস (দৌড়, লং জাম্প, হাইজাম্প,ফুটবল, ক্রিকেট, ব্যাডমিন্টন অন্যান্য) এর নিয়মিত চর্চা এবং মাসিকভাবে প্রতিযোগিতার আয়োজন করত স্থানীয় উদ্যোগে পুরস্কার প্রদানের ব্যবস্থা করতে হবে। | শিক্ষক ও শিক্ষার্থী<br><br>ফোকাল পারসন ঃ প্রধান শিক্ষক | ▪ চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>▪ ইউএনও<br>▪ ভাইস চেয়ারম্যানদ্বয়, উপজেলা পরিষদ<br>▪ ইউইও<br>▪ চেয়ারম্যান, ইউপি<br>▪ এইউইও | ▪ এস,এম,সি<br>▪ পিটিএ<br>▪ এলাকাবাসী |

| ক্রঃ নঃ | আলোচ্য বিষয় | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী | সুপারভিশন ও মনিটরিং কার্যক্রম | ফ্যাসিলিটেটর |
|---|---|---|---|---|---|
| ৯ | সাংস্কৃতিক কর্মকান্ড জোরদারকরণ | ১. ১ম ও ২য় শ্রেণির শিক্ষার্থীদের নিয়ে ক-গ্রুপ এবং ৩য়-৫ম শ্রেণির শিক্ষার্থীদের নিয়ে খ-গ্রুপ গঠন করতে হবে।<br>২. প্রতি বৃহস্পতিবার হামদ-নাথ (আঞ্চলিক, সাধারণ, মনিপুরী), গান (দেশাত্মবোধক, রবীন্দ্রসংগীত, নজরুলসংগীত, পল্লীগীতি), নৃত্য, কবিতা/ছড়া আবৃত্তি, চিত্রাংকন (মুক্তিযুদ্ধ, বঙ্গবন্ধু ও বাংলাদেশ, দেশাত্মবোধক, ভাষা আন্দোলন, উন্নয়নমূলক, প্রভৃতি, অন্যান্য ধর্মীয় ও জাতীয় অনুষ্ঠানাদি করতে হবে।<br>৩. রচনা প্রতিযোগিতার ( বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ, উন্নয়নমূলক, প্রকৃতি, জীবন ভিত্তিক, বিজ্ঞানমূলক) আয়োজন ও পুরস্কারের ব্যবস্থা করতে হবে।<br>৪. প্রতিমাসে শেষ বুধবার বিদ্যালয় পর্যায়ে; ছয় মাস অন্তর ইউনিয়ন পর্যায়ে এবং বছর শেষে উপজেলা পর্যায়ে প্রতিযোগিতার আয়োজন করতে হবে। | শিক্ষক ও শিক্ষার্থী<br><br>ফোকাল পারসন ঃ প্রধান শিক্ষক | ▪ চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>▪ ইউএনও<br>▪ ভাইস চেয়ারম্যানদ্বয়, উপজেলা পরিষদ<br>▪ ইউইও<br>▪ চেয়ারম্যান, ইউপি<br>▪ এইউইও | ▪ এস,এম,সি<br>▪ পিটিএ |
| ১০ | ক্লাসপার্টি/ বার্থ ডে (শিক্ষার্থী) | ১. শিক্ষক -শিক্ষার্থীসহ ০৬ সদস্যের কমিটি গঠন<br>২. রেজিষ্টার তৈরি ও হালফিল করতে হবে।<br>৩. জন্মদিনে অভিনন্দন প্রদান এবং উপহার (কমিটির মাধ্যমে) দিতে হবে। | শিক্ষক ও শিক্ষার্থী<br><br>ফোকাল পারসন ঃ প্রধান শিক্ষক | ▪ চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>▪ ইউএনও<br>▪ ভাইস চেয়ারম্যানদ্বয়, উপজেলা পরিষদ<br>▪ ইউইও<br>▪ চেয়ারম্যান, ইউপি<br>▪ এইউইও | ▪ এস,এম,সি<br>▪ পিটিএ<br>▪ অভিভাবক |
| ১১ | বিতর্ক/সাধারণ জ্ঞান / কুইজ প্রতিযোগিতা | ১. ১ম ও ২য় শ্রেণির শিক্ষার্থীদের নিয়ে ক-গ্রুপ এবং ৩য়-৫ম শ্রেণির শিক্ষার্থীদের নিয়ে খ-গ্রুপ গঠন করতে হবে।<br>২. মুক্তিযুদ্ধ, বঙ্গবন্ধু, উন্নয়নের পদক্ষেপ, বিজ্ঞানবিষয়ক, ইতিহাস ও ঐতিহ্য প্রকৃতিও বিশ্ব এবং বর্তমান/ সমসাময়িক বিষয়ের উপর বিতর্ক/সাধারণ জ্ঞান প্রতিযোগিতার ব্যবস্থা করত স্থানীয় উদ্যোগে পুরস্কার প্রদানের ব্যবস্থা করতে হবে। | শিক্ষক ও শিক্ষার্থী<br><br>ফোকাল পারসন ঃ প্রধান শিক্ষক | ▪ চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>▪ ইউএনও<br>▪ ভাইস চেয়ারম্যানদ্বয়, উপজেলা পরিষদ<br>▪ ইউইও<br>▪ চেয়ারম্যান, ইউপি<br>▪ এইউইও | ▪ এস,এম,সি<br>▪ শিক্ষানুরাগী এলাকাবাসী |
| ১২ | স্বাধীনতা ও মুক্তিযুদ্ধ বিষয়ক আলোচনা ও প্রতিযোগিতা | ১. ১ম ও ২য় শ্রেণির শিক্ষার্থীদের নিয়ে ক-গ্রুপ এবং ৩য়-৫ম শ্রেণির শিক্ষার্থীদের নিয়ে খ-গ্রুপ গঠন করতে হবে।<br>২. আলোচনা অনুষ্ঠান (মনীষী, বীরশ্রেষ্ঠ, বুদ্ধিজীবী, স্মরণীয় ব্যক্তি), রচনা প্রতিযোগিতা, বক্তৃতা প্রতিযোগিতা, চিত্রাংকন প্রতিযোগিতা, উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতার আয়োজন করত পুরুস্কার (বই)প্রদানের ব্যবস্থা করতে হবে।<br>৩. স্থানীয় মুক্তিযোদ্ধাদের নিকট থেকে মুক্তিযুদ্ধের গল্প শোনাতে হবে।<br>২৬ মার্চ ও ১৬ডিসেম্বর এ বিষয়ে প্রতিযোগিতার ব্যবস্থা করতে হবে। | শিক্ষক ও শিক্ষার্থী<br><br>ফোকাল পারসন ঃ প্রধান শিক্ষক | ▪ চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>▪ ইউএনও<br>▪ ভাইস চেয়ারম্যানদ্বয়, উপজেলা পরিষদ<br>▪ ইউইও<br>▪ চেয়ারম্যান, ইউপি<br>▪ এইউইও | ▪ এস,এম,সি<br>▪ পিটিএ |

| ক্রঃ নঃ | আলোচ্য বিষয় | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী | সুপারভিশন ও মনিটরিং কার্যক্রম | ফ্যাসিলিটেটর |
|---|---|---|---|---|---|
| ১৩ | সাইক্লোন শেল্টার ব্যবহার এবং দুর্যোগপূর্ব, দুর্যোগকালীন ও দুর্যোগপরবর্তী করণীয় সম্পকির্ত মহড়া | ১. বিদ্যালয় পর্যায়ে কাবদল, স্টুডেন্টকাউন্সিল, ক্ষুদে ডাক্তার, শিক্ষকবৃন্দের মাধ্যমে সাইক্লোন শেল্টার সম্পর্কে ধারণা দেওয়া এবং প্রতি মাসে একবার দুর্যোগপূর্ব, দুর্যোগকালীন ও দুর্যোগপরবর্তী করণীয় সম্পর্কিত মহড়ার আয়োজন করা।<br>২. দূযোর্গে পূর্বের/পরের অবস্থা/করণীয় সম্পর্কে আয়োজন/মতবিনিময় সভা (স্থানীয় জনগণ, গণ্যমান্য ব্যক্তিবর্গ, শিক্ষক, অভিভাবক নিয়ে) করতে হবে।<br>৩. প্রাথমিক চিকিৎসা, চিকিৎসার সরঞ্জামাদি সরবরাহ, শুকনা খাবার (চিড়া, মুড়ি, গুড়, মোমবাতি ও দিয়াশলাই) প্রস্তুত রাখা।<br>৪. মহা বিপদ সংকেত এলাকায় পৌছানো এবং নিরাপদ স্থানে অবস্থান নিতে সহায়তা করা। | উপজেলা প্রকৌশলী | উপজেলা পরিষদ ও স্থানীয় প্রসাশন | সংশ্লিষ্ট কর্মকর্তাগণ |
| ১৪ | বিশুদ্ধ পানীয় জলের ব্যবস্থা নিশ্চিতকরণ | ১. ২০০০ লিটার পানির ট্যাংকির ব্যবস্থা করা।<br>২. সকল সপ্রাবি-এ বৃষ্টির পানি সংরক্ষন ব্যবস্থা করা। | শিক্ষক ও শিক্ষার্থী<br><br>ফোকাল পারসন ঃ প্রধান শিক্ষক | ▪ চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>▪ ইউএনও<br>▪ ভাইস চেয়ারম্যানদ্বয়, উপজেলা পরিষদ<br>▪ ইউইও<br>▪ চেয়ারম্যান, ইউপি<br>▪ এইউইও | ▪ এস,এম,সি<br>▪ পিটিএ |
| ১৫ | বাগান করা (সবজি,ফুল) | ১. ৬ সদস্যের দল গঠন করতে হবে।<br>২. জমি নির্বাচন (আঙ্গিনা ও অন্যান্য জায়গা যদি থাকে)<br>৩. প্রতি কর্মদিবসে বাগান পরিচর্যা করা | শিক্ষক ও শিক্ষার্থী<br><br>ফোকাল পারসন ঃ প্রধান শিক্ষক | ▪ চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>▪ ইউএনও<br>▪ ভাইস চেয়ারম্যানদ্বয়, উপজেলা পরিষদ<br>▪ ইউইও<br>▪ চেয়ারম্যান, ইউপি<br>▪ এইউইও | ▪ এস,এম,সি<br>▪ পিটিএ |
| ১৬ | সুষম খাদ্য | ১.সুষমখাদ্য জ্ঞান সম্পর্কিত সচেতন শিক্ষক-শিক্ষার্থীসহ ৬ সদস্যের দল গঠন করতে হবে।<br>২. প্রতি শ্রেণিতে এই বিষয়ে সম্যক ধারনা প্রদান করতে হবে।<br>৩. অভিভাবকদের সচেতনতা বৃদ্ধি করবে।<br>৪. হাঙ্ক/ফাষ্ট ফুডের ক্ষতিকর দিক এবং সুষমখাদ্য সম্পর্কে ব্যাখ্যা প্রদান করবে।<br>৫. খাদ্য চার্ট (সুষম) তৈরি করে শ্রেনিতে আলোচনা করতে হবে। | শিক্ষক ও শিক্ষার্থী<br><br>ফোকাল পারসন ঃ প্রধান শিক্ষক | ▪ চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>▪ ইউএনও<br>▪ ভাইস চেয়ারম্যানদ্বয়, উপজেলা পরিষদ<br>▪ ইউইও<br>▪ চেয়ারম্যান, ইউপি<br>▪ এইউইও | ▪ এস,এম,সি<br>▪ পিটিএ |
| ১৭ | শুদ্ধভাবে জাতীয় সঙ্গীত পারিবেশন করা | ১. ৬ সদস্যের দল গঠন করতে হবে।<br>২. প্রত্যহ সমাবেশে জাতীয় সংগীত শুদ্ধভাবে পরিবেশন নিশ্চিত করতে হবে।<br>৩. শ্রেণিভিত্তিক প্রতিযোগিতা ও পুরস্কার প্রদানের ব্যবস্থা করতে হবে। | শিক্ষক ও শিক্ষার্থী<br><br>ফোকাল পারসন ঃ প্রধান শিক্ষক | ▪ চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>▪ ইউএনও<br>▪ ভাইস চেয়ারম্যানদ্বয়, উপজেলা পরিষদ<br>▪ ইউইও<br>▪ চেয়ারম্যান, ইউপি<br>▪ এইউইও | ▪ এস,এম,সি<br>▪ পিটিএ |
| ১৮ | জাতীয় দিবস সমূহ উদ্যাপন | ১. শিক্ষার্থীদের জাতীয় দিবসসমূহ সম্পর্কে জানাতে হবে।<br>২. দিবসের তাৎপর্য ও গুরুত্ব সম্পর্কে অবগত করাতে হবে।<br>৩. যথাযথ মর্যদায় পালনার্থে কার্যক্রম গ্রহণ করতে হবে। | শিক্ষক ও শিক্ষার্থী<br><br>ফোকাল পারসন ঃ প্রধান শিক্ষক | ▪ চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>▪ ইউএনও<br>▪ ভাইস চেয়ারম্যানদ্বয়, উপজেলা পরিষদ<br>▪ ইউইও<br>▪ চেয়ারম্যান, ইউপি<br>▪ এইউইও | ▪ এস,এম,সি<br>▪ পিটিএ |

| ক্রঃ নঃ | আলোচ্য বিষয় | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী | সুপারভিশন ও মনিটরিং কার্যক্রম | ফ্যাসিলিটেটর |
|---|---|---|---|---|---|
| ১৯ | ভৌগোলিক অবস্থা | ১. মানচিত্র, জেলা, উপজেলা সর্ম্পকে সম্যক ধারণা লাভ করবে।<br>২. বিশেষ ব্যক্তি, রাজনৈতিক ব্যক্তি, বীরশ্রেষ্ঠ, ঐতিহাসিক স্থানসমূহ, খাদ্যশস্য, ফলমূল, মাছ ,নদী-নদ, উদ্যান, ফসল, বন, পাহাড় সর্ম্পকে জ্ঞান অর্জন করবে। | শিক্ষক ও শিক্ষার্থী<br><br>ফোকাল পারসন ঃ প্রধান শিক্ষক | ▪ চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>▪ ইউএনও<br>▪ ভাইস চেয়ারম্যানদ্বয়, উপজেলা পরিষদ<br>▪ ইউইও<br>▪ চেয়ারম্যান, ইউপি<br>▪ এইউইও | ▪ এস,এম,সি<br>▪ পিটিএ |
| ২০ | সততা/মানবতার দেয়াল/দেয়াল পত্রিকা প্রকাশ | ১. প্রতি বিদ্যালয়ে মানবতার দেয়াল তৈরি করতে হবে।<br>২. সততা ষ্টোর স্থাপন করতে হবে।<br>৩. দেয়াল পত্রিকা প্রকাশ করা | শিক্ষক ও শিক্ষার্থী<br><br>ফোকাল পারসন ঃ প্রধান শিক্ষক | ▪ চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>▪ ইউএনও<br>▪ ভাইস চেয়ারম্যানদ্বয়, উপজেলা পরিষদ<br>▪ ইউইও<br>▪ চেয়ারম্যান, ইউপি<br>▪ এইউইও | ▪ এস,এম,সি<br>▪ পিটিএ |
| ২১ | ডিজিটাল কন্টেন্ট এ মনিটরিং ব্যবস্থা চালু | ১ ফেব্রুয়ারী, ২০২০ খ্রিঃ তারিখ থেকে বাগেরহাট প্রতি উপজেলা থেকে কমপক্ষে ১০ টি করে বিদ্যালয়ের ডিজিটাল কন্টেন্ট এ পাঠদান কার্যক্রমের ভিডিও ডিপিইও অফিসের ডিজিটাল কন্টেন্ট আপলোড গ্রুপে আপলোড করতে হবে। | শিক্ষক ও শিক্ষার্থী<br><br>ফোকাল পারসন ঃ প্রধান শিক্ষক | ▪ চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>▪ ইউএনও<br>▪ ভাইস চেয়ারম্যানদ্বয়, উপজেলা পরিষদ<br>▪ ইউইও<br>▪ চেয়ারম্যান, ইউপি<br>▪ এইউইও | ▪ এস,এম,সি<br>▪ পিটিএ |
| ২২ | আইসিটি বিষয়ে সক্ষমতা অর্জন | ৩০ জুন, ২০২০ তারিখের মধ্যে প্রতি বিদ্যালয় অন্তত ১ জন শিক্ষককে আইসিটি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করে দক্ষ করে তোলা হবে। | শিক্ষকবৃন্দ | ▪ ইউএনও<br>▪ ইউইও, এইউইও<br>▪ ইনস্ট্রাক্টর, ইউআরসি | |
| ২৩ | বিশেষ ভোজ | প্রতি বিদ্যালয়ে বছরে অন্তত একবার বিশেষ ভোজের ব্যবস্থা করতে হবে। | শিক্ষক ও শিক্ষার্থী<br><br>ফোকাল পারসন ঃ প্রধান শিক্ষক | ▪ চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>▪ ইউএনও<br>▪ ভাইস চেয়ারম্যানদ্বয়, উপজেলা পরিষদ<br>▪ ইউইও<br>▪ চেয়ারম্যান, ইউপি<br>▪ এইউইও | ▪ এস,এম,সি<br>▪ পিটিএ<br>এলকাবাসী |
| ২৪ | শিক্ষা সফর | প্রতি বিদ্যালয়ের পার্শ্ববর্তী দর্শনীয়/শিক্ষনীয় স্থানে বছরে অন্তত একবার শিক্ষা সফর করতে হবে। | শিক্ষক ও শিক্ষার্থী<br><br>ফোকাল পারসন ঃ প্রধান শিক্ষক | ▪ চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>▪ ইউএনও<br>▪ ভাইস চেয়ারম্যানদ্বয়, উপজেলা পরিষদ<br>▪ ইউইও<br>▪ চেয়ারম্যান, ইউপি<br>▪ এইউইও | ▪ এস,এম,সি<br>▪ পিটিএ |

| ক্রঃ নঃ | আলোচ্য বিষয় | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী | সুপারভিশন ও মনিটরিং কার্যক্রম | ফ্যাসিলিটেটর |
|---|---|---|---|---|---|
| ২৫ | বঙ্গবন্ধু উদ্যান করা | জেলার প্রতি বিদ্যালয়ে বঙ্গবন্ধু উদ্যান নামকরণে ১৭ মার্চ, ২০২০ তারিখে ১৭টি বৃক্ষ (ফলজ, বনজ ও ঔষধী) রোপন | শিক্ষক ও শিক্ষার্থী<br><br>ফোকাল পারসন ঃ প্রধান শিক্ষক | ▪ চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>▪ ইউএনও<br>▪ ভাইস চেয়ারম্যানদ্বয়, উপজেলা পরিষদ<br>▪ ইউইও<br>▪ চেয়ারম্যান, ইউপি<br>▪ এইউইও | ▪ এস,এম,সি<br>▪ পিটিএ |
| ২৬ | ওয়ান ডে ওয়ান ওয়ার্ড | ভাষা শিখনে দক্ষতা বৃদ্ধিতে ওয়ান ডে ওয়ান ওয়ার্ড প্রতিযোগিতা শনিবার আয়োজন করতে হবে। | শিক্ষক ও শিক্ষার্থী<br><br>ফোকাল পারসন ঃ প্রধান শিক্ষক | ▪ ইউইও<br>▪ এইউইও | ▪ এস,এম,সি<br>▪ পিটিএ |

**প্রাথমিক শিক্ষার মানোন্নয়নে গৃহীত ইনোভেশন উদ্যোগ বাস্তবায়ন কর্মপরিকল্পনা ঃ**

| ক্রঃ নং | ইনোভেশন শিরোনাম ও উদ্ভাবক | বিবরণ / করণীয় | বাস্তবায়ন এলাকা ও বাস্তবায়নকারী | প্রতিযোগিতার সময় | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | "SDG-4 অনুযায়ী মানসম্মত প্রাথমিক শিক্ষা বাস্তবায়নের নিমিত্ত সকল বিদ্যালয়ের শতভাগ শিক্ষার্থীর সাবলীলভাবে পঠন যোগ্যতা, Reading Skill অর্জনে সহজ কৌশল পত্র দিয়ে প্রশিক্ষন প্রদান ও লক্ষ্য অর্জন"<br>**জেলা প্রাথমিক শিক্ষা অফিসার বাগেরহাট।** | ১. বেইজ লাইন সার্ভে করে- "এখনো অপারগ শিশুদের" চিহ্নিত করতে হবে।<br>২. পঠন যোগ্যতা, Reading Skill অর্জনে জেলা প্রাথমিক শিক্ষা অফিসার জনাব মোঃ কবির উদ্দিন কর্তৃক প্রণীত বিশেষ কৌশল পত্রের আলোকে প্রশিক্ষন প্রদান ও অনুসরন করে পঠন যোগ্যতা অর্জন করা। | বাগেরহাট জেলার ১১৬২ টি সপ্রাবি ডিপিইও, ইউইও, এইউইও এবং শিক্ষকবৃন্দ | **১ সেপ্টেম্বর ২০২০ খ্রি. থেকে ২৬ মার্চ ২০২১ খ্রি.** | ------------ |
| ২ | ই-পিআরএল/ পেনশন হোম ডেলিভারী সার্ভিস।<br>জনাব মোঃ কবির উদ্দিন<br>জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বাগেরহাট। | বাগেরহাট জেলার পিআরএল/ পেনশনগামী সকল শিক্ষকের পিআরএল/পেনশন আদেশ ই নথির মাধ্যমে মঞ্জুর পূর্বক উক্ত আদেশ তাৎক্ষনিক ভাবে একই সাথে সংশ্লিষ্ট শিক্ষক, ইউইও অফিস ও হিসাব রক্ষণ অফিসে ই-মেইল এর মাধ্যমে প্রেরণ সহ শিক্ষকের ইমো/ম্যাসেঞ্জারে ও প্রেরণ করা।<br>১. এক বছর পূর্বেই সংশ্লিষ্ট পিআরএল/ পেনশনগামী সকল শিক্ষকের তালিকা, ই-মেইল ও মোবাইল নম্বরর সংগ্রহ করা।<br>২. ৪ মাস পূর্বেই সংশ্লিষ্ট শিক্ষককে-তাঁর পিআরএল/পেনশন সংক্রান্ত আবেদন ও কাগজপত্রদি বিদ্যালয়ের দপ্তরী কাম নৈশ প্রহরীর মাধ্যমে জমাদানের জন্য পত্র দেওয়া।<br>৩. ৩ মাস পূর্বেই আবেদন ও অন্যান্য কাগজ পত্রদি সংশ্লিষ্ট উপজেলা শিক্ষা অফিসার বিদ্যালয়ের দপ্তরী কাম নৈশ | বাগেরহাট জেলার ১১৬২ টি সপ্রাবি এর শিক্ষকবৃন্দ। ডিপিইও, ইউইও এবং শিক্ষক | ------------ | ------------ |

| ক্রঃ নং | ইনোভেশন শিরোনাম ও উদ্ভাবক | বিবরণ / করণীয় | বাস্তবায়ন এলাকা ও বাস্তবায়নকারী | প্রতিযোগিতার সময় | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | প্রহরীর মাধ্যমে সংগ্রহ করে জেলা প্রাথমিক শিক্ষা অফিসার বরাবরে প্রেরণ করবেন। অত:পর জেলা প্রাথমিক শিক্ষা অফিসার দ্রুততার সাথে (সর্বোচ্চ ০৭ কর্মদিবসের মধ্যে) ই-নথিতে মঞ্জুর পূর্বক বর্ণিত পদ্ধতিতে হোম ডেলিভারি সার্ভিস নিশ্চিত করবেন। | | | |
| ৩ | শিক্ষার্থীর নিজ হাতে আঁকা ছবি দিয়ে ক্যালেন্ডার তৈরি<br>জনাব কমল কৃষ্ণ বৈদ্য, সহঃ শিঃ কচুয়া মডেল সপ্রাবি | প্রতি শ্রেণির শিক্ষার্থীদের অংকিত সবচেয়ে ভাল ১২ টি ছবি দিয়ে ১২ মাসের শ্রেণিভিত্তিক ক্যালেন্ডার করতে হবে।<br>উপজেলা পর্যায়ের কমিটির রূপ রেখাঃ<br>১.ইউএনও - সভাপতি<br>২.শিক্ষা কমিটির প্রতিনিধি ২ জন<br>৩.এইউইও-১ জন<br>৪.ইউইও - সচিব।<br>জেলা পর্যায়ের কমিটির রূপ রেখাঃ<br>১. জেলা প্রশাসক- সভাপতি<br>২. শিক্ষা কমিটির সদস্য - ৩ জন<br>৩. ডিপিইও - সদস্য সচিব | বাগেরহাট জেলার ১১৬২ টি সপ্রাবি সংশ্লিষ্ট কমিটি | বিদ্যালয় পর্যায়ঃ ১৫ ফেব্রুয়ারী, ২০২০<br>ইউনিয়ন পর্যায়ঃ ২৫ ফেব্রুয়ারী, ২০২০<br>উপজেলা পর্যায়ঃ ২৯ ফেব্রুয়ারী, ২০২০<br>জেলা পর্যায় ঃ ৫ মার্চ, ২০২০ | ৩১ মার্চ এর মধ্যে ইউনিয়ন, উপজেলা ও জেলা পর্যায়ের পুরষ্কার প্রদান শেষ করতে হবে। |
| ৪ | শিক্ষক - শিক্ষার্থীদের ডিজিটাল হাজিরা নিশ্চিত করা<br>জেলা প্রশাসক বাগেরহাট। | -------- | বাগেরহাট জেলার ১১৬২ টি সপ্রাবি ডিপিইও, ইউইও, এইউইও এবং শিক্ষকবৃন্দ ও এস এমসি | ------------ | ------------ |
| ৫ | কাবিং জেলা ঘোষণা<br>জেলা প্রশাসক বাগেরহাট।<br>ডিপিইও বাগেরহাট। | **৩০ জুলাই ২০২০ খ্রি. এর মধ্যে জেলার সকল বিদ্যালয়ে কাব লিডার বেসিক কোর্স প্রশিক্ষন সম্পন্ন পূর্বক কাব দল গঠন** | বাগেরহাট জেলার ১১৬২ টি সপ্রাবি। ডিপিইও, ইউইও , এইউইও এবং শিক্ষকবৃন্দ ও এস এমসি | ------------ | ------------ |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় মুজিব বর্ষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর আদর্শ শিক্ষার্থীদের মনে বুনন করার আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/- ৫.২.২০২০ খ্রি.
( মোঃ মামুনুর রশীদ)
জেলা প্রশাসক
বাগেরহাট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রাথমিক শিক্ষা অফিস
বাগেরহাট।

স্মারক নং ঃ জেপ্রাশিঅ/বাগের/১২৯/৩১ তারিখঃ ১০.০২.২০২০ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে ঃ

১। সচিব প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রানালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
দৃষ্টি আকর্ষণ : সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রানালয়।
২। মহাপরিচালক প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ,ঢাকা।
৩। পরিচালক, প্রশাসন, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২,ঢাকা-১২১৬।
৪। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, খুলনা বিভাগ, খুলনা।
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, (সকল),... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... বাগেরহাট।
৬। উপজেলা নির্বাহী অফিসার (সকল),... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... বাগেরহাট ।
৭। উপজেলা শিক্ষা অফিসার (সকল),... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... বাগেরহাট।
৮। জনাব ..........................................................................................................................................
উপজেলা....................... জেলা - বাগেরহাট।

৯। সংরক্ষণ নথি।

10.02.2020
(মোঃ কবির উদ্দিন)
জেলা প্রাথমিমক শিক্ষা অফিসার
বাগেরহাট।